

মূল বইয়ের অতিরিক্ত অংশ

দশম অধ্যায়: দ্বিপদী বিস্তৃতি



পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

প্রশ্ন ১ $A = \left(2x^3 + \frac{1}{x}\right)^n$ একটি দ্বিপদী রাশি।

- ক. দ্বিপদী উপপাদ্যের সাধারণ আকার লিখ। ২
খ. দ্বিপদী রাশিটির বিস্তৃতির কত তম পদ x বর্জিত? এবং সেই x বর্জিত পদটির মান নির্ণয় কর যখন $n = 20$ ৪
গ. A এর বিস্তৃতিতে ৫ তম ও ৬ তম পদের সহগ পরস্পর সমান হলে n -এর মান এবং মধ্যপদ নির্ণয় কর। ৪

১ নং প্রশ্নের সমাধান

ক দ্বিপদী উপপাদ্যের সাধারণ আকারটি হল :

$$(x + y)^n = x^n + \binom{n}{1} x^{n-1}y + \binom{n}{2} x^{n-2}y^2 + \binom{n}{3} x^{n-3}y^3 + \dots + y^n$$

খ দেওয়া আছে, $A = \left(2x^3 + \frac{1}{x}\right)^n$

ধরি, দ্বিপদী রাশিটির বিস্তৃতিতে $(r + 1)$ তম পদ x বর্জিত

$$\therefore (r + 1) \text{ তম পদ} = \binom{n}{r} (2x^3)^{n-r} \left(\frac{1}{x}\right)^r$$

$$= \binom{n}{r} (2)^{n-r} (x)^{3n-3r-r} = \binom{n}{r} 2^{n-r} x^{3n-4r}$$

যেহেতু, $(r + 1)$ তম পদ x বর্জিত

$$\therefore 3n - 4r = 0 \text{ বা, } 4r = 3n \text{ বা, } 4r = 3 \times 20 \text{ [}\because n = 20\text{]}$$

$$\text{বা, } r = \frac{60}{4} \therefore r = 15$$

\therefore বিস্তৃতিটির $(15 + 1)$

বা, ১৬ তম পদটি x বর্জিত। (Ans.)

$$\therefore x \text{ বর্জিত পদটির মান} = {}^{20}C_{15} 2^{20-15} x^{3 \cdot 20 - 4 \cdot 15}$$

$$= {}^{20}C_{15} 2^5 \cdot x^0 = 496128 \text{ (Ans.)}$$

গ এখানে, A এর বিস্তৃতিতে, ৫ তম পদ

$$\text{বা, } (4 + 1) \text{ তম} = \binom{n}{4} 2^{n-4} x^{3n-16} \text{ ['খ' হতে]}$$

$$\text{এবং ৬ তম পদ বা, } (5 + 1) \text{ তম পদ} = \binom{n}{5} 2^{n-5} x^{3n-4 \cdot 5}$$

$$= \binom{n}{5} 2^{n-5} x^{3n-20}$$

$$\text{শর্তমতে, } \binom{n}{4} 2^{n-4} = \binom{n}{5} 2^{n-5}$$

$$\text{বা, } \frac{n!}{(n-4)! 4!} = \frac{n!}{(n-5)! 5!} \frac{2^{n-5}}{2^{n-4}}$$

$$\text{বা, } \frac{1}{(n-4)(n-5)! 4!} = \frac{1}{(n-5)! 5 \cdot 4!} 2^{n-5-n+4}$$

$$\text{বা, } \frac{1}{n-4} = \frac{1}{5 \times 2} \text{ বা, } n - 4 = 10$$

$$\text{বা, } n = 10 + 4 \therefore n = 14 \text{ (Ans.)}$$

A এর বিস্তৃতিতে $\left(\frac{14}{2} + 1\right)$ তম পদ বা, ৮ তম পদ মধ্যপদ

$$\therefore \left(2x^3 + \frac{1}{x}\right)^{14} \text{ এর বিস্তৃতিতে অষ্টম পদ বা } (7 + 1) \text{ তম পদ}$$

$$= \binom{14}{7} 2^{14-7} x^{3 \cdot 14 - 4 \cdot 7} = \binom{14}{7} \cdot 2^7 \cdot x^{14} = 439296x^{14}$$

$$\therefore \text{ মধ্যপদ} = 439296x^{14} \text{ (Ans.)}$$

প্রশ্ন ২ দুটি দ্বিপদী রাশি যথাক্রমে $A = \left(x + \frac{2}{x}\right)^8$ এবং $B = (1 + ax)^7$

যেখানে $a \neq 0$

[দে. প্র. চা. বো.]

- ক. $a = 1$ হলে B এর বিস্তৃতিতে সহগগুলোর সমষ্টি নির্ণয় কর। ২
খ. B এর বিস্তৃতিতে x^3 এবং x^4 সহগ পরস্পর সমান হলে a নির্ণয় কর। ৪
গ. দেখাও যে, A এর বিস্তৃতিতে মধ্যপদের মান ১১২০। ৪

২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $B = (1 + ax)^7$

$$\therefore a = 1 \text{ হলে } B = (1 + x)^7$$

$n = 0$ হলে,

$n = 0$	হলে,										
$n = 1$	„			1							
$n = 2$	„			1	2	1					
$n = 3$	„			1	3	3	1				
$n = 4$	„			1	4	6	4	1			
$n = 5$	„			1	5	10	10	5	1		
$n = 6$	„			1	6	15	20	15	6	1	
$n = 7$	„			1	7	21	35	35	21	7	1

সহগগুলোর সমষ্টি = $1 + 7 + 21 + 35 + 35 + 21 + 7 + 1 = 128$

খ দেওয়া আছে, $B = (1 + ax)^7$

ধরি, $(1 + ax)^7$ এর বিস্তৃতিতে $r + 1$ তম পদে x^3 এবং x^4 আছে।

$$r + 1 \text{ তম পদে} = {}^7C_r (ax)^r = {}^7C_r a^r x^r$$

যেহেতু ইহাতে x^3 এবং x^4 আছে। সেহেতু $r = 3$ অথবা $r = 4$

$$x^3 \text{ এর সহগ} = {}^7C_3 a^3$$

$$x^4 \text{ এর সহগ} = {}^7C_4 a^4$$

$$\text{প্রশ্নমতে, } {}^7C_3 a^3 = {}^7C_4 a^4$$

$$\text{বা, } {}^7C_4 a^4 = {}^7C_3 a^3 \text{ বা, } 35a^4 = 35a^3$$

$$\therefore a = 1$$

গ দেওয়া আছে, $A = \left(x + \frac{2}{x}\right)^8$

যেহেতু $\left(x + \frac{2}{x}\right)^8$ এর বিস্তৃতিতে পদের সংখ্যা = $8 + 1$ বা ৯ যা বিজোড় সংখ্যা। অতএব মধ্যপদ হবে একটি।

অর্থাৎ মধ্যপদ হবে $\left(\frac{8}{2} + 1\right)$ বা ৫-তম পদ।

$$\therefore 5 \text{ তম পদ বা, } (4 + 1) \text{ তম পদ} = {}^8C_4 x^{8-4} \left(\frac{2}{x}\right)^4$$

$$= {}^8C_4 x^4 \frac{2^4}{x^4} = {}^8C_4 2^4$$

$$= 1120 \text{ (দেখানো হলো)}$$

প্রশ্ন ▶ ৩ $\left(2 + \frac{x}{4}\right)^6$ এবং $\left(k - \frac{y}{4}\right)^5$ দুইটি দ্বিপদী রাশি। *[ন. প্র. দি. বো.]*

- ক. প্রথম দ্বিপদী রাশিকে x^3 পর্যন্ত বিস্তৃত কর। ২
 খ. 'ক' এর সাহায্যে $(1.9975)^6$ এর মান চার দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর। ৪
 গ. দ্বিতীয় দ্বিপদী রাশিটির বিস্তৃতিতে k^3 এর সহগ 160 হলে, y এর মান নির্ণয় কর। ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক $\left(2 + \frac{x}{4}\right)^6 = 2^6 + {}^6C_1 2^{6-1} \left(\frac{x}{4}\right)^1 + {}^6C_2 2^{6-2} \left(\frac{x}{4}\right)^2 + {}^6C_3 2^{6-3} \left(\frac{x}{4}\right)^3 + \dots$
 $= 64 + 6 \cdot 2^5 \left(\frac{x}{4}\right)^1 + \frac{6 \cdot 5}{1 \cdot 2} \cdot 2^4 \left(\frac{x}{4}\right)^2 + \frac{6 \cdot 5 \cdot 4}{1 \cdot 2 \cdot 3} \cdot 2^3 \left(\frac{x}{4}\right)^3 + \dots$
 $= 64 + 48x + 15x^2 + 2.5x^3 + \dots$ (Ans.)

খ এখন, $2 + \frac{x}{4} = 1.9975$

বা, $\frac{x}{4} = 1.9975 - 2$

বা, $\frac{x}{4} = -0.0025 \therefore x = -0.01$

এখন $\left\{2 + \frac{(-0.01)}{4}\right\}^6 = 64 + 48(-0.01) + 15(-0.01)^2 + 2.5(-0.01)^3 + \dots$ ['ক' হতে]

বা, $(1.9975)^6 = 64 - 0.48 + 0.0015 - 0.0000025 + \dots$
 $= 64.0015 - 0.4800025 + \dots$
 $= 63.5215$ [চার দশমিক স্থান পর্যন্ত] (Ans.)

গ $\left(k - \frac{y}{4}\right)^5 = k^5 + {}^5C_1 k^{5-1} \left(\frac{-y}{4}\right)^1 + {}^5C_2 k^{5-2} \left(\frac{-y}{4}\right)^2 + {}^5C_3 k^{5-3} \left(\frac{-y}{4}\right)^3 + {}^5C_4 k^{5-4} \left(\frac{-y}{4}\right)^4 + \dots$
 $= k^5 + 5k^4 \left(\frac{-y}{4}\right) + 10k^3 \frac{y^2}{16} + 10k^2 \left(\frac{-y^3}{64}\right) + 5k \frac{y^4}{256} + \dots$

প্রশ্নমতে, $\frac{10y^2}{16} = 160$ বা, $y^2 = \frac{160 \times 16}{10}$

বা, $y^2 = 16 \times 16$ বা, $y = \pm 16$ (Ans.)

প্রশ্ন ▶ ৪ যদি (i) $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ ও (ii) $(a + 3x)^n$ দুইটি বীজগণিতীয় রাশি। *[ন. প্র. ব. বো.]*

- ক. (i) এর বিস্তৃতির প্রথম চারটি পদ নির্ণয় কর। ২
 খ. (i) এর বিস্তৃতির x^{10} ও x^{-20} এর সহগ সমান হলে, দেখাও যে, $a = 2$ । ৪
 গ. (ii) এর বিস্তৃতির প্রথম তিনটি পদের মান যথাক্রমে p , $\frac{21}{2} px$ ও $189 qx^2$ হলে p ও q এর মান নির্ণয় কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক $\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ এর বিস্তৃতি $= (2x^2)^{10} + {}^{10}C_1 (2x^2)^9 \left(\frac{a}{x^3}\right) + {}^{10}C_2 (2x^2)^8 \left(\frac{a}{x^3}\right)^2 + {}^{10}C_3 (2x^2)^7 \left(\frac{a}{x^3}\right)^3 + \dots$

$$= 2^{10} x^{20} + 10 \cdot 2^9 x^{18} \cdot \frac{a}{x^3} + \frac{10 \times 9}{2 \cdot 1} \cdot 2^8 \cdot x^{16} \cdot \frac{a^2}{x^6} + \frac{10 \times 9 \times 8}{3 \times 2 \times 1} \cdot 2^7 x^{14} \cdot \frac{a^3}{x^9} + \dots$$

$$= 1024x^{20} + 5120x^{15}a + 11520a^2x^{10} + 15360a^3x^5 + \dots$$

$\left(2x^2 + \frac{a}{x^3}\right)^{10}$ এর বিস্তৃতির ১ম চারটি পদ হলো,

$$1024x^{20}, 5120x^{15}a, 11520a^2x^{10} \text{ এবং } 15360a^3x^5$$

খ 'ক' থেকে পাই, x^{10} এর সহগ $= 11520a^2$
 ধরি, উক্ত বিস্তৃতির $(r+1)$ তম পদে x^{-20} বিদ্যমান।

$$\therefore T_{r+1} = {}^{10}C_r (2x^2)^{10-r} \left(\frac{a}{x^3}\right)^r$$

$$= {}^{10}C_r \cdot 2^{10-r} \cdot x^{20-2r} \cdot a^r \cdot x^{-3r}$$

$$= {}^{10}C_r \cdot 2^{10-r} \cdot a^r \cdot x^{20-2r-3r}$$

প্রশ্নানুযায়ী, $20 - 2r - 3r = -20$

বা, $20 - 5r = -20$

বা, $20 + 20 = 5r$

বা, $40 = 5r$

$\therefore r = 8$

অতএব, $(r+1)$ বা, $(8+1)$ বা, ৯তম পদে x^{-20} আছে।

$$\therefore 9 \text{ তম পদের সহগ} = {}^{10}C_8 2^{10-8} \cdot a^8$$

$$= {}^{10}C_{10-8} 2^2 \cdot a^8$$

$$= {}^{10}C_2 4 \cdot a^8$$

$$= \frac{10 \times 9}{2} \times 4 \cdot a^8$$

$$= 180a^8$$

যেহেতু x^{10} ও x^{-20} এর সহগ সমান

সেহেতু, $180a^8 = 11520a^2$

বা, $a^8 = \frac{11520a^2}{180}$

বা, $a^6 = 64 = 2^6$

$\therefore a = 2$ (দেখানো হলো)

গ 'খ' থেকে পাই, $a = 2$

\therefore (ii) রাশিটি হলো $(2 + 3x)^n$

$\therefore (2 + 3x)^n$ এর বিস্তৃতি $= 2^n + n \cdot 2^{n-1} \cdot 3x + \frac{n(n-1)}{2} \cdot 2^{n-2} (3x)^2 + \dots$

$$= 2^n + 2^{n-1} \cdot 3nx + \frac{9n(n-1)}{2} \cdot 2^{n-2} \cdot x^2 + \dots$$

শর্তানুযায়ী, $p = 2^n$ (i)

$$\frac{21}{2} px = 2^{n-1} \cdot 3nx \text{ (ii)}$$

এবং $189qx^2 = \frac{9(n-1)n}{2} \cdot 2^{n-2} x^2 \text{ (iii)}$

(ii) নং হতে পাই, $\frac{3 \cdot 7 px}{2} = 3nx \cdot 2^{n-1}$

বা, $\frac{7p}{2} = n \cdot 2^{n-1}$

বা, $7p = n \cdot 2^{n-1} \cdot 2$

বা, $7p = n \cdot 2^n$

বা, $7 \cdot 2^n = n \cdot 2^n$ [i হতে পাই]

বা, $\frac{7 \cdot 2^n}{2^n} = n$

$\therefore n = 7$

(i) নং হতে পাই, $p = 2^7 = 128$

(iii) নং হতে পাই, $189qx^2 = \frac{9n(n-1)}{2} \cdot 2^{n-2} \cdot x^2$

বা, $q = \frac{9 \cdot 7 \cdot (7-1) \cdot 2^{7-2}}{2 \times 189}$

বা, $q = \frac{9 \cdot 7 \cdot 6 \cdot 2^5}{2 \times 189}$

বা, $q = \frac{378 \cdot 2^5}{378}$

বা, $q = 2^5 = 32$

$\therefore q = 32$

অতএব p ও q এর নির্ণয় মান যথাক্রমে 128 ও 32।

প্রশ্ন ▶ ৫ $\left(k - \frac{x}{3}\right)^7$; $x \in \mathbb{N}$ একটি দ্বিপদী রাশি। এর বিস্তৃতিতে k^3

এর সহগ 560। [ন.প্র. কু. বো.]

ক. রাশিটির বিস্তৃতির সকল পদ লিখ। ২

খ. x এর মান নির্ণয় কর। 8

গ. x এর মান বসালে $\left(1 + \frac{k}{x}\right)^n$ এর বিস্তৃতিতে তৃতীয় পদের সহগ

চতুর্থপদের সহগের দ্বিগুণ হলে n এর মান নির্ণয় কর। 8

৫ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $\left(k - \frac{x}{3}\right)^7$; $x \in \mathbb{N}$

$$\begin{aligned} \left(k - \frac{x}{3}\right)^7 &= k^7 + \binom{7}{1}k^6\left(-\frac{x}{3}\right) + \binom{7}{2}k^5\left(-\frac{x}{3}\right)^2 + \binom{7}{3}k^4\left(-\frac{x}{3}\right)^3 \\ &+ \binom{7}{4}k^3\left(-\frac{x}{3}\right)^4 + \binom{7}{5}k^2\left(-\frac{x}{3}\right)^5 + \binom{7}{6}k\left(-\frac{x}{3}\right)^6 + \left(-\frac{x}{3}\right)^7 \\ &= k^7 - \binom{7}{1}\frac{k^6x}{3} + \binom{7}{2}\frac{k^5x^2}{3^2} - \binom{7}{3}\frac{k^4x^3}{3^3} + \binom{7}{4}\frac{k^3x^4}{3^4} - \binom{7}{5}\frac{k^2x^5}{3^5} \\ &+ \binom{7}{6}\frac{kx^6}{3^6} - \frac{x^7}{3^7} \end{aligned}$$

খ 'ক' হতে পাই,

k^3 এর সহগ = $\binom{7}{4}\frac{x^4}{3^4}$

প্রশ্নানুসারে, $\binom{7}{4}\frac{x^4}{3^4} = 560 \Rightarrow \frac{35}{81}x^4 = 560 \Rightarrow x^4 = 1296$

$\therefore x = 6$ [$\because x \in \mathbb{N}$]

গ $x = 6$ বসালে $\left(1 + \frac{k}{x}\right)^n = \left(1 + \frac{k}{6}\right)^n$

$\left(1 + \frac{k}{6}\right)^n$ এর বিস্তৃতি ৩য় পদ = ${}^nC_2\left(\frac{k}{6}\right)^2$

এবং চতুর্থ পদ = ${}^nC_3\left(\frac{k}{6}\right)^3$

শর্তমতে, ${}^nC_2\left(\frac{1}{6}\right)^2 = {}^nC_3\left(\frac{1}{6}\right)^3 \times 2$

বা, $\frac{n!}{2!(n-2)!} \cdot \frac{1}{6^2} = \frac{n!}{3!(n-3)!} \cdot \frac{2}{6^3}$

বা, $\frac{1}{2!(n-2)(n-3)!} = \frac{2}{3!(n-3)!} \cdot \frac{1}{6}$

বা, $\frac{1}{2(n-2)} = \frac{2}{6 \times 6}$

বা, $4(n-2) = 36$

বা, $n-2 = 9$

বা, $n = 11$

$\therefore n = 11$ (Ans.)

প্রশ্ন ▶ ৬ $P = \left(2 + \frac{x}{2}\right)^8$ (i) [ন. প্র. চ. বো.]

$Q = (a + bx)^7$ (ii)

$R = (b - ax)^8$ (iii)

ক. দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে (ii)নং এর বিস্তৃতি নির্ণয় কর। ২

খ. $a = b = 1$ হলে, QR এর বিস্তৃতে x^7 এর সহগ নির্ণয় কর। 8

গ. x এর ঘাত উর্ধ্বক্রমানুসারে (i)নং কে x^3 পর্যন্ত বিস্তৃত কর এবং উহার সাহায্যে $(1.995)^8$ এর আসন্ন মান চার দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর। 8

৬ নং প্রশ্নের সমাধান

ক দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে (ii)নং এর বিস্তৃতি:

$$\begin{aligned} Q &= (a + bx)^7 \\ &= \binom{7}{0}a^7(bx)^0 + \binom{7}{1}a^6(bx)^1 + \binom{7}{2}a^5(bx)^2 + \binom{7}{3}a^4(bx)^3 \\ &+ \binom{7}{4}a^3(bx)^4 + \binom{7}{5}a^2(bx)^5 + \binom{7}{6}a^1(bx)^6 + \binom{7}{7}a^0(bx)^7 \\ &= a^7 + \binom{7}{1}a^6bx + \binom{7}{2}a^5b^2x^2 + \binom{7}{3}a^4b^3x^3 + \binom{7}{4}a^3b^4x^4 \\ &+ \binom{7}{5}a^2b^5x^5 + \binom{7}{6}ab^6x^6 + b^7x^7 \end{aligned}$$

খ দেওয়া আছে, $Q = (a + bx)^7$ এবং $R = (b - ax)^8$

এখন $a = b = 1$ হলে

$\therefore Q = (1 + x)^7$ এবং $R = (1 - x)^8$

এখন $QR = (1 + x)^7(1 - x)^8$

$= (1 + x)^7(1 - x)^7(1 - x)$
 $= (1 - x^2)^7(1 - x)$

$= \left[\binom{7}{0}(-x^2)^0 + \binom{7}{1}(-x^2)^1 + \binom{7}{2}(-x^2)^2 + \binom{7}{3}(-x^2)^3 + \binom{7}{4}(-x^2)^4 + \binom{7}{5}(-x^2)^5 + \binom{7}{6}(-x^2)^6 + \binom{7}{7}(-x^2)^7 \right] (1 - x)$

$= \left[1 - 7x^2 + \frac{7 \cdot 6}{1 \cdot 2}x^4 + \frac{7 \cdot 6 \cdot 5}{1 \cdot 2 \cdot 3}(-x^6) + \frac{7 \cdot 6 \cdot 5 \cdot 4}{1 \cdot 2 \cdot 3 \cdot 4}x^8 + \dots \right] (1 - x)$

$= (1 - 7x^2 + 21x^4 - 35x^6 + 35x^8 + \dots)(1 - x)$

$= 1 - 7x^2 + 21x^4 - 35x^6 + 35x^8 - x + 7x^3 - 21x^5 + 35x^7 - 35x^9 + \dots$

$\therefore QR$ এর বিস্তৃতিতে x^7 এর সহগ 35।

গ দেওয়া আছে, (i) $\Rightarrow P = \left(2 + \frac{x}{2}\right)^8$

$= \binom{8}{0}2^8\left(\frac{x}{2}\right)^0 + \binom{8}{1}2^7\left(\frac{x}{2}\right)^1 + \binom{8}{2}2^6\left(\frac{x}{2}\right)^2 + \binom{8}{3}2^5\left(\frac{x}{2}\right)^3 + \dots$

$= 256 + 512x + \frac{8 \cdot 7 \cdot 64x^2}{1 \cdot 2 \cdot 4} + \frac{8 \cdot 7 \cdot 6 \cdot 32x^3}{1 \cdot 2^2 \cdot 3 \cdot 4} + \dots$

$= 256 + 512x + 448x^2 + 224x^3 + \dots$

মনে করি, $\left(2 + \frac{x}{2}\right)^8 = (1.995)^8$

বা, $2 + \frac{x}{2} = 1.995$

বা, $\frac{x}{2} = -0.005$

$\therefore x = -0.01$

এখন, (i)নং এর বিস্তৃতিতে $x = -0.01$ বসিয়ে পাই,

$$\left[2 + \left(\frac{-0.01}{2}\right)\right]^8 = 256 + 512(-0.01) + 448(-0.01)^2 + 224(-0.01)^3 + \dots$$

$$\text{বা, } (2 - 0.005)^8 = 256 - 5.12 + 0.0448 - 0.000224 + \dots$$

$$\text{বা, } (1.995)^8 = 250.924576$$

$$\approx 250.9246$$

অতএব নির্ণেয় মান 250.9246 (চার দশমিক স্থান পর্যন্ত)

$$\text{প্রশ্ন } \triangleright \text{ ৭ } (p+q)^n = p^n + \binom{n}{1}p^{n-1}q + \binom{n}{2}p^{n-2}q^2 + \dots$$

◀ শিখনফল-১, ২ ও ৩

ক. দ্বিপদী উপপাদ্যের সাধারণ আকার অনুসারে উদ্দীপকে উল্লেখিত বিস্তৃতির শেষ 3টি পদ লিখ। ২

খ. $(p+q)^{10}$ এর পূর্ণ বিস্তৃতি লিখ। ৪

গ. $(p+q)^{10}$ এর বিস্তৃতিতে q এর সহগ 5120 হলে p এর মান নির্ণয় কর। আবার p এর সহগ 5120 হলে q এর মান নির্ণয় কর। দেখাও যে, উভয় ক্ষেত্রে p ও q এর মান সমান হয়। উদ্দীপকের সাহায্য নিয়ে এর কারণ ব্যাখ্যা কর। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক. শেষ পদ = q^n

$$\text{শেষ হতে দ্বিতীয় পদ} = \binom{n}{n-1}p^{n-(n-1)}q^{n-1} = \binom{n}{n-1}pq^{n-1}$$

$$\text{শেষ হতে তৃতীয় পদ} = \binom{n}{n-2}p^{n-(n-2)}q^{n-2} = \binom{n}{n-2}p^2q^{n-2}$$

$$\text{খ. } (p+q)^{10} = p^{10} + \binom{10}{1}p^{10-1}q^1 + \binom{10}{2}p^{10-2}q^2 + \binom{10}{3}p^{10-3}q^3 + \binom{10}{4}p^{10-4}q^4 + \binom{10}{5}p^{10-5}q^5 + \binom{10}{6}p^{10-6}q^6 + \binom{10}{7}p^{10-7}q^7 + \binom{10}{8}p^{10-8}q^8 + \binom{10}{9}p^{10-9}q^9 + \binom{10}{10}p^{10-10}q^{10}$$

$$\therefore (p+q)^{10} = p^{10} + 10p^9q + 45p^8q^2 + 120p^7q^3 + 210p^6q^4 + 252p^5q^5 + 210p^4q^6 + 120p^3q^7 + 45p^2q^8 + 10pq^9 + q^{10}$$

$$\text{গ. } (p+q)^{10} = p^{10} + 10p^9q + 45p^8q^2 + 120p^7q^3 + 210p^6q^4 + 252p^5q^5 + 210p^4q^6 + 120p^3q^7 + 45p^2q^8 + 10pq^9 + q^{10}$$

এখানে, q এর সহগ $10p^9$

p এর সহগ $10q^9$

প্রশ্নমতে, $(p+q)^{10}$ এর বিস্তৃতিতে q এর সহগ 5120

$$\therefore 10p^9 = 5120$$

$$\text{বা, } p^9 = 512$$

$$\text{বা, } p = \sqrt[9]{512}$$

$$\therefore p = 2$$

আবার, প্রশ্নমতে, $(p+q)^{10}$ এর বিস্তৃতিতে p এর সহগ 5120

$$\therefore 10q^9 = 5120$$

$$\text{বা, } q^9 = 512$$

$$\text{বা, } q = \sqrt[9]{512}$$

$$\therefore q = 2$$

\therefore উভয়ক্ষেত্রে p ও q এর মান সমান।

উদ্দীপক অনুসারে $(p+q)^{10}$ এর বিস্তৃতি করে আমরা দেখতে পাই p এর ঘাত 10 হতে ক্রমান্বয়ে কমে শূন্য হয় এবং q এর ঘাত শূন্য হতে ক্রমান্বয়ে বেড়ে 10 হয়। ২য় ও ১০ম পদে p ও q এর ঘাত পরস্পর বিনিময়যোগ্য। তাই p ও q এর মান সমান এবং তা হল 2.

$$\text{প্রশ্ন } \triangleright \text{ ৮ } \left(2 - \frac{x}{2}\right)^7 = 2^7 + \binom{7}{1}2^6\left(-\frac{x}{2}\right) + \binom{7}{2}2^5\left(-\frac{x}{2}\right)^2 + \dots$$

◀ শিখনফল-১, ২ ও ৩

ক. উদ্দীপকে উল্লেখিত বিস্তৃতির সাধারণ পদ ও শেষ পদটি লিখ। ২

খ. $\left(2 - \frac{x}{2}\right)^7$ এর বিস্তৃতিতে চতুর্থ পদের মান -560 হলে, প্রমাণ কর যে, $x = 2$ ৪

গ. $\left(2 - \frac{x}{2}\right)^7$ এর পূর্ণ বিস্তৃতি লেখ এবং $(1.995)^7$ এর মান পাঁচ দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর। ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক. বিস্তৃতির সাধারণ পদ বা $r+1$ তম পদ, $T_{r+1} = \binom{7}{r}(2)^{7-r} \cdot \left(-\frac{x}{2}\right)^r$ ও

$$\text{বিস্তৃতির শেষ পদ} = \left(-\frac{x}{2}\right)^7 = -\frac{x^7}{128}$$

$$\text{খ. } \left(2 - \frac{x}{2}\right)^7 = 128 - 224x + 168x^2 - 70x^3 + \dots$$

$$\left(2 - \frac{x}{2}\right)^7 \text{ এর বিস্তৃতিতে চতুর্থ পদ} = -70x^3$$

$$\text{প্রশ্নমতে, } -70x^3 = -560$$

$$\text{বা, } x^3 = \frac{560}{70} \text{ বা, } x^3 = 8$$

$$\text{বা, } (x)^3 = 8 \text{ বা, } (x)^3 = (2)^3$$

$$\therefore x = 2 \text{ (প্রমাণিত)}$$

$$\text{গ. } \left(2 - \frac{x}{2}\right)^7 = 2^7 + \binom{7}{1}2^6\left(-\frac{x}{2}\right) + \binom{7}{2}2^5\left(-\frac{x}{2}\right)^2 + \binom{7}{3}2^4\left(-\frac{x}{2}\right)^3 + \binom{7}{4}2^3\left(-\frac{x}{2}\right)^4 + \binom{7}{5}2^2\left(-\frac{x}{2}\right)^5 + \binom{7}{6}2^1\left(-\frac{x}{2}\right)^6 + \binom{7}{7}2^0\left(-\frac{x}{2}\right)^7$$

$$= 128 + 7.64\left(-\frac{x}{2}\right) + \frac{7.6}{1.2} \cdot 32 \cdot \frac{x^2}{4} + \frac{7.6.5}{1.2.3} \cdot 16\left(-\frac{x}{2}\right)^3 +$$

$$\frac{7.6.5.4}{1.2.3.4} \cdot 8\left(-\frac{x}{2}\right)^4 + \frac{7.6.5.4.3}{1.2.3.4.5} \cdot 4\left(-\frac{x}{2}\right)^5 + \frac{7.6.5.4.3.2}{1.2.3.4.5.6} \cdot 2\left(-\frac{x}{2}\right)^6 + \left(-\frac{x}{2}\right)^7$$

$$= 128 - 224x + 168x^2 - 70x^3 + 17.5x^4 - 2.625x^5 + 0.21875x^6 - 0.0078125x^7$$

$$\therefore \left(2 - \frac{x}{2}\right)^7 = 128 - 224x + 168x^2 - 70x^3 + 17.5x^4 - 2.625x^5 + 0.21875x^6 - 0.0078125x^7$$

$$\text{এখন, } 2 - \frac{x}{2} = 1.995$$

$$\text{বা, } \frac{x}{2} = 2.000 - 1.995 \text{ বা, } x = 0.01$$

$$\left(2 - \frac{x}{2}\right)^7 \text{ এর বিস্তৃতিতে } x = 0.01$$

$$\text{বসিয়ে পাই, } \left(2 - \frac{0.01}{2}\right)^7 = 128 - 224 \times (0.01) + 168 \times (0.01)^2$$

$$- 70 \times (0.01)^3 + 17.5 \times (0.01)^4 - 2.625 \times (0.01)^5 + 0.21875 \times (0.01)^6 - 0.0078125 \times (0.01)^7$$

$$= 128 - 224 \times (0.01) + 168 \times (0.01)^2 - 70 \times (0.01)^3$$

$$[x \text{ এর মান ক্ষুদ্র বলে } x^3 \text{ থেকে উচ্চতর ঘাত বর্জন করে}]$$

$$= 125.7767302$$

$$\therefore (1.995)^7 = 125.77673 \text{ (পাঁচ দশমিক স্থান পর্যন্ত) (Ans.)}$$

প্রশ্ন ৯ একটি তেলের খনির মাটির গভীরতাকে x দ্বারা সূচিত করলে, গভীরতার সাপেক্ষে তেলের প্রাপ্যতাকে একটি ফাংশন, $f(x) = 16(x + 1)^4 - (2x - a)^4$ দ্বারা সম্পর্কিত করা যায়। এখানে a হলো একটি ধ্রুব ধনাত্মক বাস্তব সংখ্যা।

◀ অনুপদী-১, ৯, ২ ও ১০.২ এর সমন্বয়ে

- ক. $f(0) = 0$ হলে a নির্ণয় কর। ২
 খ. দ্বিপদী উপপাদ্যের সাহায্যে বিস্তৃত করে, $f(x)$ -কে সরল আকারে প্রকাশ কর। ৪
 গ. মাটি খননের হার y হলে, তেলের প্রাপ্যতার ফাংশন $f(x)$ কে $f(y)$ = $2^{3y+7} + 2^{y+7}$ দ্বারা বর্ণনা করা যায়। x ও y এর মধ্যে একটি লগারিদমিক সম্পর্ক নির্ণয় কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = 16(x + 1)^4 - (2x - a)^4$
 আবার, $f(0) = 16(0 + 1)^4 - (2 \times 0 - a)^4 = 16 - a^4$
 সুতরাং, $16 - a^4 = 0$
 বা, $a^4 = 16$ বা, $a^4 = 2^4$
 $\therefore a = 2$ (Ans.)

খ অতএব, আমরা পাই, $f(x) = 16(x + 1)^4 - (2x - 2)^4$
 দ্বিপদী উপপাদ্যের সাহায্যে,
 $(x + 1)^4 = 4C_0x^4 + 4C_1x^3 + 4C_2x^2 + 4C_3x + 4C_4$
 $= x^4 + 4x^3 + 6x^2 + 4x + 1$

অনুরূপভাবে,
 $(2x - 2)^4 = 4C_0(2x)^4 - 4C_1(2x)^3 \cdot 2 + 4C_2(2x)^2 \cdot 2^2 - 4C_32x \cdot 2^3 + 4C_42^4$
 $= 16x^4 - 64x^3 + 96x^2 - 64x + 16$
 $\therefore f(x) = 16(x^4 + 4x^3 + 6x^2 + 4x + 1) - (16x^4 - 64x^3 + 96x^2 - 64x + 16)$
 $= 16x^4 + 64x^3 + 96x^2 + 64x + 16 - 16x^4 + 64x^3 - 96x^2 + 64x - 16$
 $= 128x^3 + 128x$ (Ans.)

গ দেওয়া আছে, $f(y) = 2^{3y+7} + 2^{y+7}$
 বা, $f(y) = 2^{3y} \cdot 2^7 + 2^y \cdot 2^7$
 বা, $f(y) = 128 \cdot (2^y)^3 + 128 \cdot 2^y$

আবার, $f(x) = 128x^3 + 128x$
 সমীকরণ দুটিকে তুলনা করে পাই, $2^y = x$
 ইহাদের মধ্যে লগারিদমিক সম্পর্ক প্রয়োগ করে পাই, $y = \log_2 x$
 ইহাই নির্ণয়ে লগারিদমিক সম্পর্ক।

প্রশ্ন ১০ $\left(p - \frac{x}{2}\right)^6$ একটি দ্বিপদী রাশি।

- ক. প্রদত্ত রাশিটির দ্বিপদী বিস্তৃতির রূপ লিখ। ২
 খ. বিস্তৃতির ১ম তিনটি পদ যথাক্রমে r , $-96x$ এবং $60x^2$ হলে, p এবং r এর মান নির্ণয় কর। ৪
 গ. প্রাপ্ত ফলাফল ব্যবহার করে p এর মান বসিয়ে $(1 - x) \left(p - \frac{x}{2}\right)^6$ এর x^2 পর্যন্ত বিস্তৃতি নির্ণয় কর এবং এর সাহায্যে $(0.90)(1.95)^6$ এর মান নির্ণয় কর। ৪

১০ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত রাশিটিতে দ্বিপদী উপপাদ্য ব্যবহার করে পাই,
 $\left(p - \frac{x}{2}\right)^6 = p^6 + \binom{6}{1}p^5\left(\frac{-x}{2}\right) + \binom{6}{2}p^4\left(\frac{-x}{2}\right)^2 + \dots$
 $= p^6 + 6p^5\left(\frac{-x}{2}\right) + \frac{6 \cdot 5}{1 \cdot 2}p^4\left(\frac{x^2}{4}\right) + \dots$
 $= p^6 - 3p^5x + \frac{15}{4}p^4x^2 + \dots$ (Ans)

খ 'ক' থেকে পাই,

$$\left(p - \frac{x}{2}\right)^6 = p^6 - 3p^5x + \frac{15}{4}p^4x^2 + \dots$$

কিন্তু দেওয়া আছে, বিস্তৃতির প্রথম তিনটি পদ যথাক্রমে r , $-96x$ এবং $60x^2$

$$\therefore r - 96x + 60x^2 + \dots = p^6 - 3p^5x + \frac{15}{4}p^4x^2 + \dots \text{ (i)}$$

(i) নং এর উভয়পক্ষ হতে ধ্রুবক পদ সমীকৃত করে পাই,
 $r = p^6$ (ii)

এবং $-96 = -3p^5$ [x এর সহগ সমীকৃত করে পাই]

$$\text{বা, } p^5 = 32$$

$$\text{বা, } p^5 = 2^5$$

$$\therefore p = 2$$

(ii) নং এ $p = 2$ বসিয়ে পাই,

$$r = 2^6$$

$$\therefore r = 64$$

$$\therefore p = 2, r = 64 \text{ (Ans.)}$$

গ 'খ' হতে পাই, $p = 2$

$$\therefore \left(p - \frac{x}{2}\right)^6 = \left(2 - \frac{x}{2}\right)^6 = 2^6 - 3 \cdot 2^5x + \frac{15}{4}2^4x^2 - \dots \text{ ['ক' ব্যবহার করে]}$$

$$= 64 - 96x + 60x^2 - \dots$$

$$\therefore (1 - x) \left(p - \frac{x}{2}\right)^6 = (1 - x) \left(2 - \frac{x}{2}\right)^6$$

$$= (1 - x) (64 - 96x + 60x^2 - \dots)$$

$$= 64 - 64x - 96x + 96x^2 + 60x^2 - 60x^3 + \dots$$

$$= 64 - 160x + 156x^2 - \dots$$

$$\therefore (1 - x) \left(2 - \frac{x}{2}\right)^6 = 64 - 160x + 156x^2 - \dots$$

ধারাটিতে $x = 0.1$ বসিয়ে পাই,

$$(1 - 0.1) \left(2 - \frac{0.1}{2}\right)^6 = 64 - (160 \times 0.1) + 156 \times (0.1)^2$$

$$(0.9)(1.95)^6 = 64 - 16 + 1.56 \text{ [} x^2 \text{ পর্যন্ত নিয়ে]}$$

$$= 49.56 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১১ $a = 2 - x$, $b = \left(1 + \frac{1}{2}x\right)^8$

◀ শিখনফল-২ ও ৩

- ক. b এর মধ্যপদ কত? ২
 খ. ab কে x এর ঘাতের উর্ধ্বক্রম অনুসারে x^4 পর্যন্ত বিস্তৃত কর। ৪
 গ. খ' নং হতে প্রাপ্ত ফলাফল ব্যবহার করে $1.9 \times (1.05)^8$ এর মান নির্ণয় কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $b = \left(1 + \frac{1}{2}x\right)^8$

এখানে, b এর ঘাত, $n = 8$

$$\therefore b \text{ এর বিস্তৃতিতে মধ্যপদ} = \binom{n}{2} = \binom{8}{2} \text{ তম পদ} = \binom{8}{2} \text{ তম পদ}$$

$$= (4 + 1) \text{ তম পদ} = 5 \text{ তম পদ}$$

$$\therefore 5 \text{ বা } (4 + 1) \text{ তম পদ} = {}^8C_4 1^4 \left(\frac{1}{2}x\right)^{8-4}$$

$$= 70 \frac{1}{16}x^4 = \frac{35}{8}x^4 \text{ (Ans.)}$$

খ দেওয়া আছে, $a = 2 - x$ এবং $b = \left(1 + \frac{1}{2}x\right)^8$

$$\therefore ab = (2 - x) \left(1 + \frac{1}{2}x\right)^8$$

দ্বিপদী বিস্তৃতি ব্যবহার করে পাই,

$$\begin{aligned} (2-x) \left(1 + \frac{1}{2}x\right)^8 &= (2-x) \left[\binom{8}{0} \left(\frac{x}{2}\right)^0 + \binom{8}{1} \left(\frac{x}{2}\right)^1 + \binom{8}{2} \left(\frac{x}{2}\right)^2 + \binom{8}{3} \left(\frac{x}{2}\right)^3 + \binom{8}{4} \left(\frac{x}{2}\right)^4 + \dots \right] \\ &= (2-x) \left[1.1 + \frac{8}{1} \cdot \frac{x}{2} + \frac{8 \cdot 7}{1 \cdot 2} \cdot \frac{x^2}{4} + \frac{8 \cdot 7 \cdot 6}{1 \cdot 2 \cdot 3} \cdot \frac{x^3}{8} + \frac{8 \cdot 7 \cdot 6 \cdot 5}{1 \cdot 2 \cdot 3 \cdot 4} \cdot \frac{x^4}{16} + \dots \right] \\ &= (2-x) \left(1 + 4x + 7x^2 + 7x^3 + \frac{35}{8}x^4 + \dots\right) \\ &= \left(2 + 8x + 14x^2 + 14x^3 + \frac{35}{2}x^4 + \dots\right) + \\ &\quad (-x - 4x^2 - 7x^3 - 7x^4 - \frac{35}{8}x^5 - \dots) \\ &= 2 + 7x + 10x^2 + 7x^3 + \frac{21}{2}x^4 + \dots \end{aligned}$$

$$\therefore (2-x) \left(1 + \frac{1}{2}x\right)^8 = 2 + 7x + 10x^2 + 7x^3 + \frac{21}{2}x^4 + \dots \text{ (Ans.)}$$

গ 'খ' এ প্রাপ্ত x^4 পর্যন্ত বিস্তৃতিতে $x = 0.1$ বসিয়ে পাই,

$$(2-0.1) \left(1 + \frac{1}{2}x\right)^8 = 2 + 7(0.1) + 10(0.1)^2 + 7(0.1)^3 + \frac{21}{2}(0.1)^4$$

$$\text{বা, } 1.9 \times (1.05)^8 = 2 + .7 + 10 \times (.01) + 7 \times (.001) + \frac{21}{2} \times (.0001)$$

$$\text{বা, } 1.9 \times (1.05)^8 = 2 + .7 + 0.1 + 0.007 + 0.00105$$

$$\text{বা, } 1.9 \times (1.05)^8 = 2.80805$$

$$\therefore 1.9 \times (1.05)^8 = 2.8081 \text{ (চার দশমিক পর্যন্ত)}$$

$$\text{Ans. } 1.9 \times (1.05)^8 = 2.8081$$

প্রশ্ন ১২ $(1+x)(1-ax)^8$ একটি দ্বিপদী রাশি। যেখানে $x, a \in \mathbb{R}$

ক. প্রমাণ কর যে, $n! = n(n-1)!$ ২

খ. প্রদত্ত রাশিকে x^2 পদ পর্যন্ত x এর ঘাতের উর্ধ্বক্রমানুসারে বিস্তৃত কর এবং বিস্তৃতিতে ১ম তিনটি পদ যথাক্রমে 1, 0, bx^2 হলে a ও b এর মান নির্ণয় কর। ৪

গ. $a = \frac{1}{2}$ হলে, বিস্তৃতিটির মধ্যপদ নির্ণয় কর। ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক আমরা জানি,

$$1! = 1$$

$$2! = 2 \times 1 = 2 \times 1!$$

$$3! = 3 \times 2 \times 1 = 3 \times 2!$$

$$4! = 4 \times 3 \times 2 \times 1 = 4 \times 3!$$

$$5! = 5 \times 4 \times 3 \times 2 \times 1 = 5 \times 4!$$

$$\therefore n! = n \times (n-1) \times (n-2) \times (n-3) \dots 3 \cdot 2 \cdot 1 = n \times (n-1)!$$

$$\therefore n! = n(n-1)! \text{ (প্রমাণিত)}$$

খ প্রদত্ত রাশি, $(1+x)(1-ax)^8 = (1+x)$

$$\left[\binom{8}{0} (-ax)^0 + \binom{8}{1} (-ax)^1 + \binom{8}{2} (-ax)^2 + \binom{8}{3} (-ax)^3 + \dots \right]$$

$$= (1+x) [1 - 8ax + 28a^2x^2 - 56a^3x^3 + \dots]$$

$$= (1 - 8ax + 28a^2x^2 - 56a^3x^3 + \dots)$$

$$+ (x - 8ax^2 + 28a^2x^3 - 56a^3x^4 + \dots)$$

$$= 1 + (1-8a)x + (28a^2-8a)x^2 + \dots$$

$$\text{প্রশ্নমতে, } 1 + (1-8a)x + (28a^2-8a)x^2 = 1 + 0 + bx^2$$

$$x \text{ ও } x^2 \text{ এর সহগ সমীকৃত করে পাই, } 1-8a = 0 \dots \dots \dots \text{ (i)}$$

$$28a^2 - 8a = b \dots \dots \dots \text{ (ii)}$$

$$\text{(i) হতে পাই, } 8a = 1 \therefore a = \frac{1}{8}$$

(ii) এ $a = \frac{1}{8}$ বসিয়ে পাই,

$$b = 28 \cdot \left(\frac{1}{8}\right)^2 - \frac{1}{8} \cdot 8 = \frac{28}{64} - 1 = \frac{28-64}{64} = \frac{-36}{64} = \frac{-9}{16}$$

$$\therefore a = \frac{1}{8} \text{ এবং } b = \frac{-9}{16} \text{ (Ans.)}$$

গ $a = \frac{1}{2}$ হলে, বিস্তৃতি দাঁড়ায়, $(1+x) \left(1 - \frac{1}{2}x\right)^8$

$$= (1+x) \left(\frac{2-x}{2}\right)^8 = \left(\frac{1}{2}\right)^8 (1+x) (2-x)^8$$

$$= \left(\frac{1}{2}\right)^8 \left[(1+x) \left\{ \binom{8}{0} (-x)^0 \cdot 2^8 + \binom{8}{1} (-x)^1 \cdot 2^7 + \binom{8}{2} (-x)^2 \cdot 2^6 + \binom{8}{3} (-x)^3 \cdot 2^5 + \binom{8}{4} (-x)^4 \cdot 2^4 + \binom{8}{5} (-x)^5 \cdot 2^3 \right. \right.$$

$$\left. + \binom{8}{6} (-x)^6 \cdot 2^2 + \binom{8}{7} (-x)^7 \cdot 2 + \binom{8}{8} (-x)^8 \cdot 2^0 \right\}$$

$$= \left(\frac{1}{2}\right)^8 [(1+x) (256 - 1024x + 1792x^2 - 1792x^3 + 1120x^4 - 448x^5 + 112x^6 - 16x^7 + x^8)]$$

$$= \left(\frac{1}{2}\right)^8 [256 - 1024x + 1792x^2 - 1792x^3 + 1120x^4 - 448x^5 + 112x^6 - 16x^7 + x^8 + 256x - 1024x^2 + 1792x^3 - 1792x^4 + 1120x^5 - 448x^6 + 112x^7 - 16x^8 + x^9]$$

বিস্তৃতির পদসংখ্যা 9টি। \therefore মধ্যপদ হল 5 তম পদ

$$\text{বিস্তৃতির 5 তম পদ} = \left(\frac{1}{2}\right)^8 672x^5 \text{ (Ans.)}$$

প্রশ্ন ১৩ $\left(2 - \frac{x}{2}\right)^7 = 2^7 + \binom{7}{1} 2^6 \left(-\frac{x}{2}\right) + \binom{7}{2} 2^5 \left(-\frac{x}{2}\right)^2 + \dots$

ক. উদ্দীপকে উল্লিখিত বিস্তৃতির সাধারণ পদ ও শেষ পদ নির্ণয় কর। ২

খ. উদ্দীপকে উল্লিখিত বিস্তৃতির চতুর্থপদের মান -560 হলে, প্রমাণ কর যে, $x = 2$. ৪

গ. $\left(2 - \frac{x}{2}\right)^7$ এর পূর্ণবিস্তৃতি লেখ এবং $(1.995)^7$ এর মান পাঁচ দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর। ৪

১৩ নং প্রশ্নের সমাধান

ক বিস্তৃতির সাধারণ পদ বা $(r+1)$ তম পদ, $T_{r+1} = \binom{7}{r} (2)^{7-r}$

$$\left(-\frac{x}{2}\right)^r \text{ ও বিস্তৃতির শেষ পদ} = \left(-\frac{x}{2}\right)^7 = -\frac{x^7}{128}$$

খ $\left(2 - \frac{x}{2}\right)^7 = 128 - 224x + 168x^2 - 70x^3 + \dots$

$$\left(2 - \frac{x}{2}\right)^7 \text{ এর বিস্তৃতিতে চতুর্থ পদ} = -70x^3$$

$$\text{প্রশ্নমতে, } -70x^3 = -560$$

$$\text{বা, } x^3 = \frac{560}{70}$$

$$\text{বা, } x^3 = 8$$

$$\therefore x = 2 \text{ (প্রমাণিত)}$$

$$\begin{aligned} \text{গ} \quad \left(2 - \frac{x}{2}\right)^7 &= 2^7 + \binom{7}{1}2^6 \left(-\frac{x}{2}\right) + \binom{7}{2}2^5 \left(-\frac{x}{2}\right)^2 + \binom{7}{3}2^4 \left(-\frac{x}{2}\right)^3 \\ &+ \binom{7}{4}2^3 \left(-\frac{x}{2}\right)^4 + \binom{7}{5}2^2 \left(-\frac{x}{2}\right)^5 + \binom{7}{6}2^1 \left(-\frac{x}{2}\right)^6 \\ &+ \binom{7}{7}2^0 \left(-\frac{x}{2}\right)^7 \\ &= 128 + 7.64 \left(-\frac{x}{2}\right) + \frac{7.6}{1.2} \cdot 32 \cdot \frac{x^2}{4} + \frac{7.6.5}{1.2.3} \cdot 16 \left(-\frac{x}{2}\right)^3 + \frac{7.6.5.4}{1.2.3.4} \cdot 8 \left(-\frac{x}{2}\right)^4 \\ &+ \frac{7.6.5.4.3}{1.2.3.4.5} \cdot 4 \cdot \left(-\frac{x}{2}\right)^5 + \frac{7.6.5.4.3.2}{1.2.3.4.5.6} \cdot 2 \cdot \left(-\frac{x}{2}\right)^6 + \left(-\frac{x}{2}\right)^7 \\ &= 128 - 224x + 168x^2 - 70x^3 + 17.5x^4 - 2.625x^5 + 0.21875x^6 - 0.0078125x^7 \end{aligned}$$

$$\therefore \left(2 - \frac{x}{2}\right)^7 = 128 - 224x + 168x^2 - 70x^3 + 17.5x^4 - 2.625x^5 + 0.21875x^6 - 0.0078125x^7$$

এখন, $2 - \frac{x}{2} = 1.995$

বা, $\frac{x}{2} = 2.000 - 1.995$

বা, $x = 0.01$

$\left(2 - \frac{x}{2}\right)^7$ এর বিস্তৃতিতে $x = 0.01$

বসিয়ে পাই, $\left(2 - \frac{0.01}{2}\right)^7 = 128 - 224 \times (0.01) + 168 \times (0.01)^2 - 70 \times (0.01)^3 + 17.5 \times (0.01)^4 - 2.625 \times (0.01)^5 + 0.21875 \times (0.01)^6 - 0.0078125 \times (0.01)^7$

$= 128 - 224 \times (0.01) + 168 \times (0.01)^2 - 70 \times (0.01)^3$

[x এর মান ক্ষুদ্র বলে x^3 থেকে উচ্চতর ঘাত বর্জন করে]

$= 125.7767302$

$\therefore (1.995)^7 = 125.77673$ (পাঁচ দশমিক স্থান পর্যন্ত) (Ans.)

প্রশ্ন ▶ ১৪ দেওয়া আছে, $Z = (x - y)^n$

ক. যদি $n = 5$ এবং $x = 1$ হয় তবে প্যাসকেলের ত্রিভুজের সাহায্যে Z এর বিস্তৃতি কর। ২

খ. $y = \frac{1}{x^2}$ এবং $n = 5$ হলে দ্বিপদী উপপাদ্যের সাহায্যে Z এর বিস্তৃতি কর। ৪

গ. Z এর বিস্তৃতিতে x^3 এর সহগ 560 হলে k এর মান নির্ণয় কর যখন $y = \frac{k}{3}$ এবং $n = 7$ ৪

১৪ নং প্রশ্নের সমাধান

ক $Z = (x - y)^n$

$= (1 - y)^5$ [$\because n = 5, x = 1$]

$= \{(1 + (-y))\}^5$

$= 1 + 5(-y) + 10(-y)^2 + 10(-y)^3 + 5(-y)^4 + (-y)^5$

$= 1 - 5y + 10y^2 - 10y^3 + 5y^4 - y^5$

গ $Z = (x - y)^n$

$= \left(x - \frac{1}{x^2}\right)^5$ [$\because y = \frac{1}{x^2}, n = 5$]

$= (x)^5 + \binom{5}{1}x^4 \left(-\frac{1}{x^2}\right) + \binom{5}{2}x^3 \left(-\frac{1}{x^2}\right)^2 + \binom{5}{3}x^2 \left(-\frac{1}{x^2}\right)^3$

$+ \binom{5}{4}x \left(-\frac{1}{x^2}\right)^4 + \left(-\frac{1}{x^2}\right)^5$

$= x^5 - 5x^2 + 10 \cdot \frac{1}{x} - 10x^2 \cdot \frac{1}{x^4} + 5x \cdot \frac{1}{x^8} - \frac{1}{x^{10}}$

$= x^5 - 5x^2 + \frac{10}{x} - \frac{10}{x^4} + \frac{5}{x^7} - \frac{1}{x^{10}}$

গ $Z = (x - y)^n = \left(x - \frac{k}{3}\right)^7$

$= x^7 + \binom{7}{1}x^6 \left(-\frac{k}{3}\right) + \binom{7}{2}x^5 \left(-\frac{k}{3}\right)^2 + \binom{7}{3}x^4 \left(-\frac{k}{3}\right)^3$

$+ \binom{7}{4}x^3 \left(-\frac{k}{3}\right)^4 + \dots$

x^3 এর সহগ $= \binom{7}{4} \left(-\frac{k}{3}\right)^4 = 35 \cdot \frac{k^4}{81} = \frac{35}{81} k^4$

প্রশ্নমতে, $\frac{35}{81} k^4 = 560$

$\Rightarrow k^4 = 1296$

$\therefore k = \pm 6$ (Ans.)

প্রশ্ন ▶ ১৫ $A = (a + bx)^n$ একটি দ্বিপদী রাশি।

ক. $a = 1, b = 5$ ও $n = 4$ হলে প্যাসকেলের ত্রিভুজের সাহায্যে A কে বিস্তৃত কর। ২

খ. $a = 2$ ও $n = 8$ হলে A এর বিস্তৃতির x^4 এর সহগ 90720 হলে, b এর মান নির্ণয় কর। ৪

